রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, মে ৫, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৪ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪০.০০.০০০০.০১৬.৩১.০০১.২৩.৪১**––বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন, **''হোটেল এন্ড রেস্টুরেন্ট''** শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল 'ক' তে হোটেল শ্রেণি বিন্যাস, 'খ' তে রেস্তোরাঁর শ্রেণি বিন্যাস এবং তফসিল 'গ', 'ঘ', 'ঙ' ও তফসিল 'চ' তে বর্ণিত নিম্নতম মজুরির হারকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, যথাক্রমে, উক্ত শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হার হিসাবে ঘোষণা করিল, যথা :

**তফসিল 'ক'**

**হোটেলের শ্রেণিবিন্যাস**

| হোটেল এর শ্রেণিবিন্যাস | কক্ষ সংখ্যা এবং ন্যূনতম সুবিধা ও সেবা (বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইন, ২০১৪ এর ধারা-১৩ এবং বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ এর বিধি-৭ তফসিল-১ অনুযায়ী) |
|---|---|
| ১ (এক) তারকা (*) | অন্যূন কক্ষ সংখ্যা ১০টি এবং বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ এর বিধি-৭ তফসিল-১ উল্লিখিত সুবিধাসমূহ। |
| ২ (দুই) তারকা (**) | অন্যূন কক্ষ সংখ্যা ৩০টি এবং বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ এর বিধি-৭ তফসিল-১ উল্লিখিত সুবিধাসমূহ। |
| ৩ (তিন) তারকা (***) | অন্যূন কক্ষ সংখ্যা ৫০টি এবং বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ এর বিধি-৭ তফসিল-১ উল্লিখিত সুবিধাসমূহ। |
| ৪ (চার) তারকা (****) | অন্যূন কক্ষ সংখ্যা ৭৫টি এবং বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ এর বিধি-৭ তফসিল-১ উল্লিখিত সুবিধাসমূহ। |
| ৫ (পাঁচ) তারকা (*****) | অন্যূন কক্ষ সংখ্যা ১০০টি এবং বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ এর বিধি-৭ তফসিল-১ উল্লিখিত সুবিধাসমূহ। |



**মূল্য :** টাকা ১২.০০

**তফসিল 'খ'**

**রেস্তোরাঁর শ্রেণিবিন্যাস**

| রেস্তোরাঁর শ্রেণিবিন্যাস | আসন সংখ্যা (বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ এর বিধি-৭ তফসিল-২ (খ) ও (গ) অনুযায়ী) |
|---|---|
| এ- শ্রেণি | ৩০০ এর উর্ধ্বে আসন সংখ্যা দ্বারা পরিচালিত রেস্তোরাঁ এ- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। |
| বি- শ্রেণি | ২০১—৩০০ আসন সংখ্যা দ্বারা পরিচালিত রেস্তোরাঁ বি- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। |
| সি- শ্রেণি | ১০১—২০০ আসন সংখ্যা দ্বারা পরিচালিত রেস্তোরাঁ সি- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। |
| ডি- শ্রেণি | ১—১০০ আসন সংখ্যা দ্বারা পরিচালিত রেস্তোরাঁ ডি- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। (সকল শ্রেণির রেস্তোরাঁকে অন্তর্ভুক্তকরণের নিমিত্ত) |

**তফসিল 'গ'**

**হোটেলে কর্মরত শ্রমিকদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | হোটেলের শ্রেণিবিন্যাস | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **গ্রেড-১:**<br>১। এক্সিকিউটিভ শেফ (সকল প্রকার)<br>২। সিডিপি (সকল শাখা)<br>৩। সিনিয়র ওয়েটার<br>৪। সিনিয়র অপারেটর (সকল প্রকার) | ৫ (পাঁচ) তারকা (*****) | ২৬০০০/- | ১৩০০০/- | ১০০০/- | ৮০০/- | ৪০৮০০/- |
| | | ৪ (চার) তারকা (****) | ২৪০০০/- | ১২০০০/- | ১০০০/- | ৮০০/- | ৩৭৮০০/- |
| | | ৩ (তিন) তারকা (***) | ২২০০০/- | ১১০০০/- | ১০০০/- | ৮০০/- | ৩৪৮০০/- |
| | | ২ (দুই) তারকা (**) | ২১০০০/- | ১০৫০০/- | ১০০০/- | ৮০০/- | ৩৩৩০০/- |
| | | ১ (এক) তারকা (*) | ২০০০০/- | ১০০০০/- | ১০০০/- | ৮০০/- | ৩১৮০০/- |
| ২। | **গ্রেড-২:**<br>১। শেফ (সকল প্রকার)<br>২। ওয়েটার/ওয়েস্ট্রেস/ বার টেন্ডার<br>৩। চীফ স্টুয়ার্ট<br>৪। কমি-১, কমি-২, কমি-৩<br>৫। স্টুয়ার্ট শিফট লিডার<br>৬। এটেনডেন্ট (সকল প্রকার)<br>৭।প্লাম্বার/কার্পেন্টার/ পেইন্টার/মেকানিক্স<br>৮। অপারেটর/ ইলেকট্রিশিয়ান/ টেকনিশিয়ান (সকল প্রকার)<br>৯। লন্ড্রিম্যান/ আয়রণম্যান | ৫ (পাঁচ) তারকা (*****) | ১৫৯০০/- | ৭৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ২৫৬৫০/- |
| | | ৪ (চার) তারকা (****) | ১৪৭০০/ | ৭৩৫০/- | ১০০০/- | ৮০০/- | ২৩৮৫০/- |
| | | ৩ (তিন) তারকা (***) | ১৩৫০০/- | ৬৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ২২০৫০/- |
| | | ২ (দুই) তারকা (**) | ১২৩০০/- | ৬১৫০/- | ১০০০/- | ৮০০/- | ২০২৫০/- |
| | | ১ (এক) তারকা (*) | ১১১০০/- | ৫৫৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৮৪৫০/- |

| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|---|
| ৩। | **গ্রেড-৩:**<br>১। স্টুয়ার্ট<br>২। বেলম্যান/বেল বয়<br>৩। জুনিয়র ওয়েটার<br>৪। ডিসওয়াস বয়<br>৫। ডোরম্যান | ৫ (পাঁচ) তারকা (*****) | ১০০০০/- | ৫০০০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৮০০/- |
| | | ৪ (চার) তারকা (****) | ৯৩০০/- | ৪৬৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৭৫০/- |
| | | ৩ (তিন) তারকা (***) | ৮৬০০/- | ৪৩০০/- | ১০০০/- | ৮০০/- | ১৪৭০০/- |
| | | ২ (দুই) তারকা (**) | ৭৯০০/- | ৩৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩৬৫০/- |
| | | ১ (এক) তারকা (*) | ৭৫০০/- | ৩৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩০৫০/- |
| ৪। | **শিক্ষানবিশ শ্রমিক:** | (ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে, যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৯৩০০/-(নয় হাজার তিনশত) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

**তফসিল ‘ঘ’**

**হোটেলে কর্মরত কর্মচারীদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | হোটেলের শ্রেণিবিন্যাস | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **গ্রেড-১:**<br>১। ম্যানেজার (সকল প্রকার, যাহাদের প্রশাসনিক বা ব্যবস্থাপনা সংক্রান্ত কোনো ক্ষমতা নাই)<br>২। রিসিপশনিস্ট<br>৩। এক্সিকিউটিভ হাউজকিপার<br>৪। ইঞ্জিনিয়ারিং কো-অর্ডিনেটর<br>৫। চীফ একাউন্ট্যান্ট<br>৬। সিনিয়র সিকিউরিটি অফিসার | ৫ (পাঁচ) তারকা (*****) | ২১৮০০/- | ১০৯০০/- | ১০০০/- | ৮০০/- | ৩৪৫০০/- |
| | | ৪ (চার) তারকা (****) | ২০৬০০/- | ১০৩০০/- | ১০০০/- | ৮০০/- | ৩২৭০০/- |
| | | ৩ (তিন) তারকা (***) | ১৯৪০০/- | ৯৭০০/- | ১০০০/- | ৮০০/- | ৩০৯০০/- |
| | | ২ (দুই) তারকা (**) | ১৮২০০/- | ৯১০০/- | ১০০০/- | ৮০০/- | ২৯১০০/- |
| | | ১ (এক) তারকা (*) | ১৭০০০/- | ৮৫০০/- | ১০০০/- | ৮০০/- | ২৭৩০০/- |

| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|---|
| ২। | **গ্রেড-২:**<br>১। সুপারভাইজার<br>২। হাউজকিপার/স্টোর কিপার/বিল কালেক্টর<br>৩। সহকারী ম্যানেজার (সকল প্রকার)<br>৪। আইটি অফিসার/ডেস্ক বা ফ্রন্ট অফিসার/ মার্কেটিং বা সেলস অফিসার/পার্চেজিং অফিসার<br>৫। থেরাপিস্ট (সকল প্রকার)<br>৬। সিকিউরিটি অফিসার<br>৭। ইনচার্জ (সকল প্রকার)<br>৮। হিসাবরক্ষক/ একাউন্ট্যান্ট<br>৯। ড্রাইভার | ৫ (পাঁচ) তারকা (*****) | ১৫৯০০/- | ৭৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ২৫৬৫০/- |
| | | ৪ (চার) তারকা (****) | ১৪৭০০/ | ৭৩৫০/- | ১০০০/- | ৮০০/- | ২৩৮৫০/- |
| | | ৩ (তিন) তারকা (***) | ১৩৫০০/- | ৬৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ২২০৫০/- |
| | | ২ (দুই) তারকা (**) | ১২৩০০/- | ৬১৫০/- | ১০০০/- | ৮০০/- | ২০২৫০/- |
| | | ১ (এক) তারকা (*) | ১১১০০/- | ৫৫৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৮৪৫০/- |
| ৩। | **গ্রেড-৩:**<br>১। সিকিউরিটি গার্ড<br>২। পিয়ন<br>৩। ক্লিনার<br>৪। হেলপার/সহকারী (সকল প্রকার) | ৫ (পাঁচ) তারকা (*****) | ৯৯০০/- | ৪৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৬৫০/- |
| | | ৪ (চার) তারকা (****) | ৯৩০০/- | ৪৬৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৭৫০/- |
| | | ৩ (তিন) তারকা (***) | ৮৬০০/- | ৪৩০০/- | ১০০০/- | ৮০০/- | ১৪৭০০/- |
| | | ২ (দুই) তারকা (**) | ৭৯০০/- | ৩৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩৬৫০/- |
| | | ১ (এক) তারকা (*) | ৭৫০০/- | ৩৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩০৫০/- |
| ৪। | **শিক্ষানবিশ কর্মচারী:** | ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে ৯৩০০/- (নয় হাজার তিনশত) টাকা প্রাপ্ত হইবেন।<br>(খ) শিক্ষানবিশিকাল ০৬(ছয়) মাস।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

**তফসিল ‘ঙ’**

**রেস্তোরাঁয় কর্মরত শ্রমিকদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | রেস্তোরাঁর শ্রেণিবিন্যাস | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **গ্রেড-১:**<br>১। প্রধান বাবুর্চী (দেশি ও বিদেশি খাবার)<br>২। প্রধান কারিগর (মিষ্টি, পেস্ট্রিসহ সকল)<br>৩। বাবুর্চী (চাইনিজ) | এ- শ্রেণি | ২২০০০/- | ১১০০০/- | ১০০০/- | ৮০০/- | ৩৪৮০০/- |
| | | বি-শ্রেণি | ২১০০০/- | ১০৫০০/- | ১০০০/- | ৮০০/- | ৩৩৩০০/- |
| | | সি-শ্রেণি | ২০০০০/- | ১০০০০/- | ১০০০/- | ৮০০/- | ৩১৮০০/- |
| | | ডি-শ্রেণি | ১৯০০০/- | ৯৫০০/- | ১০০০/- | ৮০০/- | ৩০৩০০/- |
| ২। | **গ্রেড-২ :**<br>১। বাবুর্চি/শেফ (সকল প্রকার)<br>২। মিষ্টি কারিগর<br>৩। নাস্তা কারিগর<br>৪। রুটি কারিগর<br>৫। কাবাব কারিগর<br>৬। গ্রীল কাবাব কারিগর<br>৭। ফালুদা/লাচ্ছি কারিগর<br>৮। কারিগর (মিষ্টি)<br>৯। কারিগর (রুটি/পরোটা)<br>১০। দই কারিগর<br>১১। চটপটি কারিগর<br>১২। সরমা কাবাব কারিগর<br>১৩। চা/কফি/হান্ডি কারিগর<br>১৪। পেস্ট্রি শেফ<br>১৫। ফ্রাই কুক | এ- শ্রেণি | ১৩৫০০/- | ৬৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ২২০৫০/- |
| | | বি-শ্রেণি | ১২৩০০/- | ৬১৫০/- | ১০০০/- | ৮০০/- | ২০২৫০/- |
| | | সি-শ্রেণি | ১১১০০/- | ৫৫৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৮৪৫০/- |
| | | ডি-শ্রেণি | ৯৯০০/- | ৪৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৬৫০/- |

| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|---|
| ৩। | **গ্রেড-৩:**<br>১। বাবুর্চী [সহকারী (পুরুষ)]<br>২। বাবুর্চী [সহকারী (মহিলা)]<br>৩। সহকারী নাস্তা কারিগর<br>৪। সহকারী রুটি কারিগর<br>৫। সহকারী কাবাব কারিগর<br>৬। সহকারী গ্রীল কাবাব কারিগর<br>৭। সহকারী ফালুদা/লাচ্ছি কারিগর<br>৮। সহকারী মিষ্টি স্পেশাল কারিগর<br>৯। সহকারী কারিগর (মিষ্টি)<br>১০। সহকারী দই কারিগর<br>১১। সহকারী সরমা কাবাব কারিগর<br>১২। সহকারী চা/কফি/ হান্ডি কারিগর<br>১৩। ওয়েটার<br>১৪। মেট (পুরুষ)<br>১৫। মেট (মহিলা) | এ- শ্রেণি | ৯৯০০/- | ৪৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৬৫০/- |
| | | বি-শ্রেণি | ৯৭০০/- | ৪৮৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৩৫০/- |
| | | সি-শ্রেণি | ৯৫০০/- | ৪৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৬০৫০/- |
| | | ডি-শ্রেণি | ৯৩০০/- | ৪৬৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৭৫০/- |
| ৪। | **গ্রেড-৪ :**<br>১। পার্সেল বয়<br>২। ডিসওয়াস বয়<br>৩। গ্লাস বয়<br>৪। টেবিল বয়<br>৫। ক্লিনার/ঝাড়ুদার<br>৬। কারিগর বয়<br>৭। সহকারী ওয়েটার<br>৮। অন্যান্য সাহায্যকারী | এ- শ্রেণি | ৯৩০০/- | ৪৬৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৭৫০/- |
| | | বি-শ্রেণি | ৮৬০০/- | ৪৩০০/- | ১০০০/- | ৮০০/- | ১৪৭০০/- |
| | | সি-শ্রেণি | ৭৯০০/- | ৩৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩৬৫০/- |
| | | ডি-শ্রেণি | ৭৫০০/- | ৩৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩০৫০/- |
| ৫। | **শিক্ষানবিশ শ্রমিক:** | (ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে, যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৯৩০০/-(নয় হাজার তিনশত) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

**তফসিল 'চ'**

**রেস্তোরাঁয় কর্মরত কর্মচারীদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | রেস্তোরাঁর শ্রেণিবিন্যাস | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **গ্রেড-১:**<br>১। সিনিয়র হিসাব সহকারী<br>২। সিনিয়র স্টোর কিপার<br>৩। সিনিয়র টাইপিস্ট/ সিনিয়র কম্পিউটার অপারেটর<br>৪। সিনিয়র ক্লার্ক<br>৫। সিনিয়র ক্যাশিয়ার | এ- শ্রেণি | ১৩৫০০/- | ৬৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ২২০৫০/- |
| | | বি-শ্রেণি | ১২৩০০/- | ৬১৫০/- | ১০০০/- | ৮০০/- | ২০২৫০/- |
| | | সি-শ্রেণি | ১১১০০/- | ৫৫৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৮৪৫০/- |
| | | ডি-শ্রেণি | ৯৯০০/- | ৪৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৬৫০/- |
| ২। | **গ্রেড-২:**<br>১। হিসাব সহকারী<br>২। সহকারী স্টোর কিপার<br>৩। সহকারী টাইপিস্ট/ সহকারী কম্পিউটার অপারেটর<br>৪। সহকারী ক্লার্ক<br>৫। সহকারী ক্যাশিয়ার<br>৬। টেলিফোন অপারেটর<br>৭। ড্রাইভার | এ- শ্রেণি | ৯৯০০/- | ৪৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৬৫০/- |
| | | বি-শ্রেণি | ৯৫০০/- | ৪৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৬০৫০/- |
| | | সি-শ্রেণি | ৯১০০/- | ৪৫৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৪৫০/- |
| | | ডি-শ্রেণি | ৮৭০০/- | ৪৩৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৪৮৫০/- |
| ৩। | **গ্রেড-৩ :**<br>১। দারোয়ান<br>২। চৌকিদার/পিয়ন<br>৩। নাইট গার্ড<br>৪। সুইপার<br>৫। মালী<br>৬। গাড়ী চালক হেলপার | এ- শ্রেণি | ৯৩০০/- | ৪৬৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৭৫০/- |
| | | বি-শ্রেণি | ৮৬০০/- | ৪৩০০/- | ১০০০/- | ৮০০/- | ১৪৭০০/- |
| | | সি-শ্রেণি | ৭৯০০/- | ৩৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩৬৫০/- |
| | | ডি-শ্রেণি | ৭৫০০/- | ৩৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩০৫০/- |
| ৪। | **শিক্ষানবিশ কর্মচারী:** | ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে ৯৩০০/-(নয় হাজার তিনশত) টাকা প্রাপ্ত হইবেন।<br>(খ) শিক্ষানবিশিকাল ০৬(ছয়) মাস।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবীস কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

**শর্তাবলি:**

১। উল্লিখিত তফসিলে নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "হোটেল এন্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে; আরও শর্ত থাকে যে, যেখানে অর্থের বিনিময়ে অতিথিদের জন্য আবাসন, খাদ্য বা আবাসন ও খাদ্যসহ অন্যান্য সেবার ব্যবস্থা করা হয়, এবং গেস্ট হাউজ, মোটেল, রিসোর্ট, রেস্ট হাইজ, উহা যে নামেই অভিহিত হউক না কেন, ইহার অন্তর্ভুক্ত হইবে।

২। উল্লিখিত তফসিলে পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে, উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। উল্লিখিত তফসিলে শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্নতর গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া সংশ্লিষ্ট মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল 'ক' এ উল্লিখিত কক্ষ সংখ্যা ও সুবিধা এর ভিত্তিতে হোটেলের শ্রেণিবিন্যাস এবং তফসিল 'খ' এ উল্লিখিত আসন সংখ্যা ও সুবিধা এর ভিত্তিতে রেস্তোরাঁর শ্রেণিবিন্যাস হিসাবে গণ্য হইবে।

৬। তফসিল 'গ', তফসিল 'ঘ', তফসিল 'ঙ' ও তফসিল 'চ' এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৭। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে/এককভাবে বা শ্রমিকপক্ষের সাথে যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক/কর্মচারীগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৮। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিকও, 'বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫)' অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে, সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার, নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি কোনোক্রমেই প্রদান করিতে পারিবেন না।

৯। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার, 'বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১' এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

১০। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি সংশ্লিষ্ট শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) অথবা দৈনিক ভিত্তিক (Time rate/Daily Basis) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপে সংশোধন করিতে হইবে, যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা, কম মজুরি প্রাপ্ত না হন।

১১। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক/কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন, তাহা, 'বাংলাদেশ শ্রম আইন, ২০০৬' এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ থাকিবে।

১২। তফসিলে উল্লিখিত 'নিম্নতম মজুরি' সমন্বয়সহ ০১(এক) বৎসরের কর্মকাল অতিক্রান্তে শ্রমিক/কর্মচারীগণের মূল মজুরি ইতোমধ্যে প্রাপ্ত মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরেও উহা একই হারে বৃদ্ধি পাইতে থাকিবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৭৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি ৫% হারে বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৭৮৭৫/- (সাত হাজার আটশত পঁচাত্তর) টাকা হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৭৮৭৫/- (সাত হাজার আটশত পঁচাত্তর) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৮২৬৮.৭৫ (আট হাজার দুইশত আটষট্টি টাকা পঁচাত্তর পয়সা) টাকা হইবে।

১৩। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক/কর্মচারীগণ 'বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫' এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি পাইবেন।

১৪। এই প্রজ্ঞাপনে কোনো অংশ বাংলাদেশে প্রচলিত 'বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫' এর সহিত সাংঘর্ষিক হইলে উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**নিলুফার ইয়াসমিন**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd